



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
সিএসডি, এলএসডি, টিপিএসি শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd



জরুরি
সীমিত

নম্বর: ১৩.০১.০০০০.০৮৪.৭১.০০২.২০.২৪

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪২৮

০১ জুন ২০২১

অফিস আদেশ

ঠাকুরগাঁও জেলার পীরগঞ্জ উপজেলার নবনির্মিত ভোমরাদহ এলএসডি “১.০৫ লক্ষ মেঃ টন ধারণক্ষমতাসম্পন্ন নতুন খাদ্য গুদাম নির্মাণ” শীর্ষক প্রকল্পের আওতায় নবনির্মিত ১০০০ মে.টন ধারণক্ষমতাসম্পন্ন খাদ্য গুদামটি মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক গত ২৯/০৩/২০১৮ খ্রি. তারিখে উদ্বোধন করা হয়। পরবর্তীতে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুরের ০১/০৪/২০১৮ খ্রি. তারিখের ৮৬২ নং স্মারকের নির্দেশনা মোতাবেক এলএসডিতে অভ্যন্তরীনভাবে ধান, চাল ও গম সংগ্রহ/খাদ্যশস্য বিলি-বিতরণসহ সার্বিক কার্যক্রম চলমান রয়েছে। ভোমরাদহ এলএসডি নির্মাণের অতি অল্প সময়ের মধ্যে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধন করায় এলএসডির কার্যক্রম শুরুর পূর্বে প্রশাসনিক অনুমোদন গ্রহণ করা হয়নি। এতে এলএসডি পরিচালনার নিজস্ব ব্যয়সহ অন্যান্য কাজে অর্থ বরাদ্দ পাওয়া যাচ্ছে না মর্মে জেলা খাদ্য নিয়ন্ত্রক, ঠাকুরগাঁও পত্র মারফত অবহিত করেন। ফলে সার্বিক কার্যক্রম গতিশীল রাখার স্বার্থে ভোমরাদহ এলএসডি চালু করার ভূতাপেক্ষ প্রশাসনিক অনুমোদন প্রদানের জন্য জেলা খাদ্য নিয়ন্ত্রক, ঠাকুরগাঁও অনুরোধ করেছেন।

এমতাবস্থায়, জেলা খাদ্য নিয়ন্ত্রক, ঠাকুরগাঁও এর প্রস্তাবের প্রেক্ষিতে ঠাকুরগাঁও জেলার পীরগঞ্জ উপজেলার নবনির্মিত ১০০০ মে.টন ধারণক্ষমতাসম্পন্ন ভোমরাদহ এলএসডিতে অভ্যন্তরীনভাবে ধান, চাল ও গম সংগ্রহ, খাদ্যশস্য বিলি-বিতরণসহ প্রশাসনিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য ভূতাপেক্ষভাবে এপ্রিল/২০১৮ হতে ভোমরাদহ এলএসডি পরিচালনার প্রশাসনিক অনুমোদন প্রদান করা হলো।

১-৬-২০২১

শেখ মুজিবুর রহমান
মহাপরিচালক


নম্বর: ১৩.০১.০০০০.০৮৪.৭১.০০২.২০.২৪/১(১২)

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪২৮

০১ জুন ২০২১

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো

- ১) অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ২) পরিচালক (প্রশাসন), খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ৩) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (আদেশটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ৪) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর
- ৫) জেলা খাদ্য নিয়ন্ত্রক, ঠাকুরগাঁও
- ৬) দপ্তর কপি



১-৬-২০২১

শেখ মুজিবুর রহমান
মহাপরিচালক